

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
গোসাইরহাট, শরীয়তপুর।

স্মারক নং- ১৩.০১.৮৬৩৬.০০০.৫৭.০০২.২৪.২৯০

তারিখ: ১৪/১১/২০২৪খ্রি:

**ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি**

এতদ্বারা গোসাইরহাট পৌরসভার সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য মন্ত্রণালয়ের ৭ অক্টোবর ২০২৪ খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০২ নম্বর স্মারকে জারিকৃত খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ ও খাদ্য মন্ত্রণালয়ের ৯ অক্টোবর ২০২৪ খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০২ নম্বর পরিপত্র এবং ১৩ নভেম্বর ২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা ওএমএস কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) কার্যক্রম পরিচালনার জন্য গোসাইরহাট পৌরসভার নিম্নোক্ত বিক্রয় কেন্দ্র সমূহে ওএমএস ডিলার নিয়োগ করা হবে। গোসাইরহাট পৌরসভার স্থায়ী বাসিন্দা হিসেবে বসবাসকারী যে কোন আত্মীয় ব্যক্তির নিকট হতে নিম্নে উল্লিখিত শর্তসাপেক্ষে আগামী ২৫ নভেম্বর ২০২৪ খ্রিঃ তারিখ রোজ সোমবার অফিস চলাকালীন সময়ের মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোসাইরহাট, শরীয়তপুর এর বরাবর নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে।

ক্র নং	পৌরসভা	বিক্রয় কেন্দ্রের নাম	ক্র নং	পৌরসভা	বিক্রয় কেন্দ্রের নাম
০১	গোসাইরহাট পৌরসভা	দাসের জঙ্গল বাজার(বাদামতলা)	০৪	গোসাইরহাট পৌরসভা	কালিখোলা বাজার
০২	গোসাইরহাট পৌরসভা	দাসের জঙ্গল বাজার(বড় মসজিদ)	০৫	গোসাইরহাট পৌরসভা	বাগানবাড়ি
০৩	গোসাইরহাট পৌরসভা	দাসের জঙ্গল বাজার(ডাক বাংলার মোড়)	০৬	গোসাইরহাট পৌরসভা	মহেশ্বর পট্টি

**শর্তসমূহঃ**

- বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮ বছরের উর্ধ্বে গোসাইরহাট পৌরসভার স্থায়ী বাসিন্দা হিসেবে বসবাসকারী যে কোন নাগরিক আবেদন করতে পারবেন।
- আবেদনকারীকে পৌরসভার ট্রেড লাইসেন্সধারী হতে হবে।
- আবেদনকারীকে খাদ্যশস্যের লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ী হতে হবে।
- আবেদনকারীর কমপক্ষে ০৩ (তিন) মেট্রিক টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে।
- আবেদনকারীকে মালামালের হিসাব সংরক্ষণের সক্ষমতা থাকতে হবে।
- নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে (ট্রাকে/দোকানে) খাদ্যশস্য বিক্রয় করতে হবে।
- খাদ্য অধিদপ্তরের কোন ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত বা যে কোন অনিয়মের কারণে ডিলারশিপ বাতিল হলে তিনি ওএমএস ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।
- খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কোন পরিবহন ঠিকাদার, শ্রম ঠিকাদার, মিলার ও খাদ্যবান্ধব ডিলার হিসেবে কর্মরত কোন ব্যক্তি/তঁার উপর নির্ভরশীল কেউ এ কার্যক্রমের ডিলার হতে পারবেন না।
- প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোন কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
- কোন ব্যক্তি ডিলারশিপ প্রাপ্ত হলে, নিজ ডিলারশিপ ব্যতীত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না মর্মে ডিলারকে ৩০০/- (তিন শত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- ওএমএস ডিলার অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/তথ্য সংগ্রহের ইলেক্ট্রনিক ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারের সক্ষমতা থাকতে হবে।
- খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা ২০১৫ অনুযায়ী লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিগণ এ নীতিমালায় নতুনভাবে আবেদন করতে পারবেন।
- আবেদনকারীকে আর্থিক দিক দিয়ে স্বচ্ছল হতে হবে।
- আবেদনকারী একাধিক বিক্রয় কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন না।
- একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কার্যক্রমের ডিলার হতে পারবেন না।
- ওএমএস ডিলারশিপ প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা কোড নং ১৪৮০২০১-১৩০২২০-১৪৪১২৯৯ এ জমা প্রদান পূর্বক ট্রেজারী চালানোর মূল কপি উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর এ দাখিল করে আবেদন ফরম সংগ্রহ করা যাবে।
- নির্বাচিত ডিলারকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত (পে-অর্ডার) প্রদান করতে হবে।
- কর্তৃপক্ষ প্রয়োজনে ডিলার সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্র সমূহ সংযুক্ত করতে হবে:

১। পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি।	৬। নাগরিকত্ব সনদের ফটোকপি।
২। খাদ্যশস্যের লাইসেন্স এর ফটোকপি।	৭। অঙ্গীকারনামা।
৩। ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদপত্র।	৮। ট্রেড-লাইসেন্স এর ফটোকপি।
৪। দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি।	৯। ট্রেজারী চালানোর মূল কপি।
৫। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।	



(মোঃ তারিকুল ইসলাম)  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
ও  
সদস্য সচিব  
উপজেলা ওএমএস কমিটি  
গোসাইরহাট, শরীয়তপুর।